গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।

শিল্প মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদসালাউদ্দিন
যুগ্মসচিব (প্রশাসন), শিল্পমন্ত্রণালয়
তারিখ : ৩০/৩/২০২৩
সময় : বেলা ১২.৩০ ঘটিকা
স্থান : মিনি সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩০৯)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। গত ২৭/১২/২০২২ তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।অত:পরসভাপতির অনুমতিক্রমে সভাপতির অনুমতিক্রমে ড. মোঃ সাইফুল ইসলাম, উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম ও আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	২০২২-২৩ অর্থবছরে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনায় অগ্রগতি পর্যালোচনা	সভায় জানানো হয় যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী ৬টি কার্যক্রম চলমান আছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সকল কার্যক্রম সঠিক সময়ে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	সকল কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), শিল্প মন্ত্রণালয়

<table>
<tr>
<td>২</td>
<td>অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তিকরণের অগ্রগতি পর্যালোচনা</td>
<td>সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ে জানুয়ারি-মার্চ ৩য় ত্রৈমাসিকে অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তির তথ্যাবলী
<table>
<tr><th>মাসের নাম</th><th>প্রাপ্ত অভিযোগ</th><th>নিষ্পত্তিকৃত অভিযোগ</th><th>পূর্বের জেরসহ অনিষ্পন্ন অভিযোগ</th></tr>
<tr><td>জানুয়ারি/২৩</td><td>৯</td><td>৭</td><td>১১</td></tr>
<tr><td>ফেব্রুয়ারি/২৩</td><td>০৬</td><td>০৪</td><td>১৩</td></tr>
<tr><td>মার্চ/২৩</td><td>৪</td><td>৩</td><td>১৪</td></tr>
</table>
দপ্তর/সংস্থা
<table>
<tr><th>মাসের নাম</th><th>প্রাপ্ত অভিযোগ</th><th>নিষ্পত্তি কৃত অভিযোগ</th><th>পূর্বের জেরসহ অনিষ্পন্ন অভিযোগ</th></tr>
<tr><td>জানুয়ারি/২৩</td><td>৪</td><td>৪</td><td>১৩</td></tr>
<tr><td>ফেব্রুয়ারি/২৩</td><td>১</td><td>৫</td><td>৯</td></tr>
<tr><td>মার্চ/২৩</td><td>৯</td><td>৭</td><td>১১</td></tr>
</table>
সভায় অভিযোগ নিষ্পত্তির হার বাড়ানোর জন্য তাগিদপত্র, ব্যক্তিগতভাবে যোগাযোগ ও টেলিফোনের মাধ্যমে যোগাযোগের করা হচ্ছে।</td>
<td>ক. অনিষ্পন্ন অভিযোগ দ্রুত নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদপত্র দিতে হবে। ব্যক্তিগতভাবে যোগাযোগ ও টেলিফোনের মাধ্যমে যোগাযোগ করতে হবে এবং দ্রুত অভিযোগ নিষ্পত্তি করতে হবে। আগামী সভায় অনিষ্পন্ন অভিযোগের তথ্য উপস্থাপন করতে হবে।</td>
<td>অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), তদন্তকারী কর্মকর্তা এবং উপসচিব, (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি)</td>
</tr>
<tr>
<td>৩.</td>
<td>অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপীল নিষ্পত্তি কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যার (প্রযোজ্য ক্ষেত্রে) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ</td>
<td>অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপীল নিষ্পত্তি কর্মকর্তার তথ্য এ সময়ের মধ্যে পরিবর্তন হয়নি। শিল্প মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপীল নিষ্পত্তি কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করা আছে।</td>
<td>অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপীল নিষ্পত্তি কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে।</td>
<td>সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়</td>
</tr>
<tr>
<td>৪</td>
<td>অভিযোগ সিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবদেন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ</td>
<td>প্রতি মাসের অভিযোগ সংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখায় প্রেরণ করা হয়। দপ্তর/সংস্থার প্রতিবেদন প্রতিমাসে পাওয়া যায়।</td>
<td>প্রতি মাসে অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন যথাযথভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।</td>
<td>উপসচিব, (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি), শিল্প মন্ত্রণালয়</td>
</tr>
</table>

৫.	নাম, ঠিকানাবিহীন অভিযোগ	সভায় জানানো হয় যে, অনেক অভিযোগ নাম ঠিকানাবিহীন এবং অধিকাংশ অভিযোগ প্রমাণিত হয় না। এ বিষয়ে নাম, ঠিকানাবিহীন ও অভিযোগ বস্তু নিষ্ঠ না হলে নথিতে উপস্থাপন করে শুধুমাত্র কর্তৃপক্ষের অবলোকনের মাধ্যমে নিষ্পত্তি করা হচ্ছে।	নাম, ঠিকানাবিহীন অভিযোগ ও বস্তুনিষ্ঠ না হলে নথিতে উপস্থাপন করে কর্তৃপক্ষের অবলোকনের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও উপসচিব, (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি)
৬.	দপ্তর/সংস্থায় প্রাপ্ত অভিযোগ ও নিষ্পত্তি	সভায় জানানো হয় যে, দপ্তর/সংস্থার প্রধানদের অভিযোগ নিষ্পত্তির হার তরান্বিত করার জন্য অবহিত করার প্রয়োজন রয়েছে।	দপ্তর/সংস্থার প্রধানদের অভিযোগ নিষ্পত্তির হার তরান্বিত করার জন্য পত্রের পাশাপাশি ব্যক্তিগত যোগাযোগ করতে হবে।	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও উপসচিব, (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি)
৭.	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও GRS সফটওয়্যার বিষয়ক সেমিনার/কর্মশালা/ প্রশিক্ষণ আয়োজন	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং GRS সফটওয়্যার বিষয়ক ২ টি প্রশিক্ষণ লক্ষ্যমাএা রয়েছে। ২টি প্রশিক্ষণ ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে।	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং GRS সফটওয়্যার বিষয়ক ২ টি প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়িত হয়েছে।	উপসচিব, প্রশিক্ষণ, শিল্প মন্ত্রণালয়
৮.	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণদের সমন্বয়ে ২টি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ২টি অবহতিকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণদের সমন্বয়ে অবহিতকরণ ২টি সভা বাস্তবায়িত হয়েছে।	উপসচিব, (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি), শিল্প মন্ত্রণালয়

৩. আলোচনা শেষে সভাপতি সকলকেধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৮/০৪/২০২৩

মোহাম্মদ সালাউদ্দিন
যুগ্মসচিব (প্রশাসন)
শিল্পমন্ত্রণালয়